

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২



স্মারক নং- স্বাঃঅধিঃ/কোভিড-১৯/২০২০/৮-৭

তারিখঃ ০৭/১২/২০২০ ইং

প্রজ্ঞাপন

কোভিড-১৯ বৈশ্বিক মহামারী বাংলাদেশ সহ সারা বিশ্বে এক মানবিক বিপর্যয়ের সৃষ্টি করেছে। বিশ্বের বিভিন্ন দেশে কোভিড-১৯ মহামারীর দ্বিতীয় ঢেউ দৃশ্যমান। এমতাবস্থায় কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে বিমান, স্থল বা নৌ পথে বিদেশ থেকে আগত ও বিদেশগামী যাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও কোয়ারেন্টিন ব্যবস্থা পুনর্নির্নয়ন করার নিমিত্তে নিম্নোলিখিত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১। বিদেশ থেকে বাংলাদেশে আগমনের ক্ষেত্রেঃ

১.১ বিমান, স্থল বা নৌ পথে কোভিড-১৯ পজিটিভ যাত্রী বিদেশ থেকে দেশে প্রবেশ করা থেকে বিরত রাখতে সকল যাত্রীকে বিমানে উঠার/ বোর্ডিং/ স্থলপথে ইমিগ্রেশন এর ৭২ ঘণ্টার মধ্যে কোভিড-১৯ পিসিআর নেগেটিভ সনদ দাখিল বাধ্যতামূলক করা হল। এয়ার লাইনস বা পরিবহন কর্তৃপক্ষ সকল যাত্রীর কোভিড-১৯ পিসিআর নেগেটিভ সনদ নিশ্চিত পূর্বক বোর্ডিং করবেন। পিসিআর নেগেটিভ সনদ প্রাপ্তির পরই শুধুমাত্র এয়ারলাইন্স কর্তৃপক্ষ যাত্রী পরিবহন করতে পারবেন।

১.২ কোভিড-১৯ নেগেটিভ সনদ থাকা সত্ত্বেও যদি কারও কোভিড-১৯ এর উপসর্গ থাকে তাহলে তাকে আইসোলেশন সেন্টারে প্রেরণ করা হবে।

১.৩ বাংলাদেশে অবস্থিত বিদেশী মিশন ও আন্তর্জাতিক সংস্থায় কর্মরত ডিপ্লোমেটিক/ অফিসিয়াল/ Laissez Passer (লেসে পাসে) পাসপোর্টধারী ও তাদের পরিবারের সদস্যদের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত নির্দেশনা মেনে চলতে হবে।

১.৪ বাংলাদেশে আগমনকারী উদ্যোক্তা বা সিআইপিসহ ব্যবসায়ীদেরও পিসিআর ভিত্তিক কোভিড-১৯ টেস্ট নেগেটিভ সনদ নিয়ে আসতে হবে।

১.৫ উপযুক্ত প্রমাণ সাপেক্ষে বিদেশ থেকে বহিষ্কৃত বা দেশে ফিরতে বাধ্য বাংলাদেশী নাগরিক যাদের কোভিড-১৯ পিসিআর টেস্ট করার সক্ষমতা নেই তাদের ক্ষেত্রে ১.১ এর নির্দেশনা শিথিল করা হল। এক্ষেত্রে অন্যান্য এন্টিজেন ভিত্তিক টেস্ট বা উপসর্গ ভিত্তিক সনদ গ্রহণ করা হবে এবং তাদের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে প্রেরণ করা হবে।


১.৬ প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন সেন্টারে নমুনা সংগ্রহ বুথ স্থাপন করা হবে, আগমনের দ্বিতীয় দিনে বা তদাপেক্ষা পরে কোভিড-১৯ পিসিআর পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করে ফলাফলের ভিত্তিতে তৃতীয় দিন বা তদাপেক্ষা পরে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন সেন্টার থেকে হোম কোয়ারেন্টিনে প্রেরণ করা হবে। প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকা যাত্রীদের বিদেশগামী যাত্রীদের ন্যায্য সমপরিমাণ ফি প্রদান পূর্বক সরকার কর্তৃক নির্ধারিত সরকারী বা বেসরকারী ল্যাব থেকে টেস্ট করা হবে।

২। বাংলাদেশে থেকে বিদেশে গমনের ক্ষেত্রেঃ

২.১ বিমান, স্থল বা নৌ পথে গমনকারী সকল যাত্রীকে বিদেশ গমনের সময় বিমানে উঠার/ বোর্ডিং/ স্থলপথে ইমিগ্রেশন এর ৭২ ঘণ্টার মধ্যে কোভিড-১৯ পিসিআর নেগেটিভ সনদ বাধ্যতামূলক করা হল। এয়ার লাইনস বা পরিবহন কর্তৃপক্ষ যাত্রীগণের কোভিড-১৯ পিসিআর নেগেটিভ সনদ নিশ্চিত পূর্বক বোর্ডিং করবেন।

২.২ বাংলাদেশে অবস্থিত বিদেশী মিশন ও আন্তর্জাতিক সংস্থায় কর্মরত ডিপ্লোমেটিক/ অফিসিয়াল/ Laissez Passer (লেসে পাসে) পাসপোর্টধারী ও তাদের পরিবারবর্গের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত নির্দেশনা মেনে চলতে হবে।

২.৩ প্রযোজ্য ক্ষেত্রে এয়ার লাইনস কর্তৃপক্ষ/ ট্রানজিটস্থলে / গন্তব্যস্থলে কোভিড-১৯ নেগেটিভ সনদ প্রয়োজন হলে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশ বা কর্তৃপক্ষের নিয়ম অনুযায়ী কোভিড-১৯ পিসিআর সনদ বহন করতে হবে।

  
9/22/2020

অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুশ্বীদ আলম  
মহা-পরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
- ২। সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ৫। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ৬। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৮। অপারেশন ও পরিকল্পনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয়।
- ৯। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর।
- ১০। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর।
- ১১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। পরিচালক, রোগ নিয়ন্ত্রণ শাখা ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৩। লাইন ডাইরেক্টর, এনসিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৪। পরিচালক, আইইউসিআর
- ১৫। পরিচালক, স্বাস্থ্য (সকল বিভাগ)
- ১৬। বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন (প্রশাসন), স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ১৭। উপ পরিচালক, প্রধান সমন্বয়ক (স্বাস্থ্য), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৮। সহকারী পরিচালক, সিডিসি ও প্রোগ্রাম ম্যানেজার, আইএইচআর, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর।
- ১৯। বিমান বন্দর স্বাস্থ্য কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২০। সিভিল সার্জন (সকল জেলা)
- ২১। এভিয়েশন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ২২। চেয়ারম্যান, এয়ার লাইন অপারেটর কমিটি, ঢাকা।
- ২৩। অফিস কপি।